

প্রতারণা

ওগো প্রতারণা! এসো তোমাকে সুন্দর করে সাজাই। না
মশানে পাঠাতে গেলে যে-রকম ফুলের অভ্যাস লাগে, রামলালা লাগে,
সে রকম নয়, ছেঁড়া মৃত ফুল দিয়ে মৃত্যু সাজাতে কোনো চিন্তা লাগেনা।
প্রতারণা অমর, সে ডাল বদলানো পাখির মতো
বারংবার বাসা বদলাতে থাকে!
রাজনীতি-প্রতারণা, ভালবাসা-প্রতারণা, বন্ধুত্ব-প্রতারণা
-এইভাবে যখন যাকে
যা যা মূল্য দিতে হয় তা দেয়, মুহূর্ত কেড়েও নেয়, তখন গান গেয়ে,
ছন্দ বানিয়ে মন্দির মসজিদ সাজিয়ে
প্রতারণা চলে যায় মিটিং মিছিলে
আমি ঘরে ফিরে নিজেকেও নিজে ছলনা করে বলি
এই শালা। তুই না মানুষকে খুব ভাল বলেছিলি।
মোছ সব শব্দ মোছ, তুই শু থেকেই ভুল লিখেছিলি।

সমরেন্দ্র সেনগুপ্ত

